

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ জেনারেটর বিভাগ

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), জেনারেটর বিভাগ

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪২৫.৩৭.০০৮.২৩ নথির বিষয়: জেনারেটর বিভাগের সেগুনবাগিচা অফিস কম্পাউন্ড পরিষ্কার-পরিছন্ন রাখার লক্ষ্যে অফিস কম্পাউন্ডের উত্তর-পশ্চিম সাইডে বিদ্যমান এম.আর.এস যোগ্য মালামাল সমূহ পাগলা ভান্ডার বিভাগে প্রেরণ ও ব্যবহার অনুপযুক্ত মালামাল ও ময়লা আবর্জনা সমূহ ঢাকার বাহিরে সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ প্রসঙ্গে।


নোট: ১ নোটের বিষয়: জেনারেটর বিভাগের সেগুনবাগিচা অফিস কম্পাউন্ড পরিষ্কার-পরিছন্ন রাখার লক্ষ্যে অফিস কম্পাউন্ডের উত্তর-পশ্চিম সাইডে বিদ্যমান এম.আর.এস যোগ্য মালামাল সমূহ পাগলা ভান্ডার বিভাগে প্রেরণ ও ব্যবহার অনুপযুক্ত মালামাল ও ময়লা আবর্জনা সমূহ ঢাকার বাহিরে সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ১৮/১২/২৩ ৪:১৮ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেগুনবাগিচা ঢাকা ওয়াসার সাবেক ড্রেনেজ বিভাগ হতে বর্তমানে জেনারেটর বিভাগের মূল অফিস এর দৈনন্দিন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। ২০২০ সালে ড্রেনেজ সিস্টেম এর কার্যক্রম সম্পূর্ণভাবে সিটি কর্পোরেশন এর উপর ন্যস্ত হওয়ার পর সেগুনবাগিচা ড্রেনেজ বিভাগ ২০২১ সাল পর্যন্ত প্রায় ২ বছর অব্যবহৃত অবস্থায় ছিল। যার দরুন সম্পূর্ণ অফিস কম্পাউন্ড জুড়ে ময়লা আবর্জনা, পুরাতন ব্যবহার অনুযোগী মালামাল ইত্যাদির স্তুপ হয়ে আছে এবং দুর্গন্ধ ছড়াচ্ছে। যার কারণে মশা,মাছি,পোকা মাকর এর উপদ্রব দেখা দিয়েছে। সার্ভে রিপোর্ট ও ছবি সংযুক্ত। মারাত্মক দুর্গন্ধ এবং মশা,মাছি,পোকা মাকর এর উপদ্রব দেখা দেওয়ায় অফিস কম্পাউন্ডের অভ্যন্তরে একটা অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজমান। এরূপ পরিস্থিতিতে স্বাভাবিক কর্মপরিবেশ তৈরিকরণের লক্ষ্যে অফিস কম্পাউন্ডের উত্তর-পশ্চিম সাইডে জমাকৃত ময়লা আবর্জনা এবং যে সকল মালামালের Salvage Value নাই অথবা যেগুলি পাগলা ভান্ডারে প্রেরণের জন্য পরিবহন খরচ Salvage Value এর চেয়ে বেশি যেমন নষ্ট পুরাতন টিনের টুকরা,ভাঙ্গা ফেঙ্গ বা গ্রীল, ভাঙ্গা কাঠের টুকরা,কাগজের বাস্তু,পচা পলিথিন, ভাঙ্গা প্লাস্টিক ও অন্যান্য ক্ষয়প মালামাল প্রভৃতি সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ করা জরুরী প্রয়োজন। উল্লেখ্য যে, বিভিন্ন হোল্ডিং ও স্থাপনায় সরকারী ভ্রাম্যমান আদালত কর্তৃক ডেঙ্গুর প্রতিরোধ কার্যক্রম হিসেবে পরিদর্শন কার্যক্রম অব্যাহত রয়েছে। কাজেই, অত্র বিভাগের অভ্যন্তরে এডিস মশার লার্ভা পাওয়া গেলে অত্র বিভাগকে ভ্রাম্যমান আদালত জরিমানা করার আশংকা রয়েছে। এতে ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ হবে। যার ফলে, ডেঙ্গুর প্রকোপ নিরসনের জন্য এবং স্বাভাবিক কর্ম পরিবেশে বিভাগীয় কার্যক্রম পরিচালনার জন্য অত্র বিভাগের অভ্যন্তরে স্তুপাকৃত ময়লা আবর্জনা ও অপ্রয়োজনীয় মালামাল সমূহ অপসারণ করা জরুরী প্রয়োজন হয়ে পড়েছে। এতদলক্ষ্যে, সেগুনবাগিচা জেনারেটর বিভাগের অফিস কম্পাউন্ড পরিষ্কার-পরিছন্ন রাখার কার্যক্রম হিসেবে অফিস কম্পাউন্ডের উত্তর-পশ্চিম সাইডে বিদ্যমান এম.আর.এস যোগ্য মালামাল সমূহ পাগলা ভান্ডার বিভাগে প্রেরণ ও ব্যবহার অনুপযুক্ত মালামাল বা ময়লা আবর্জনা সমূহ ঢাকার বাহিরে সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ করার জন্য একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। প্রস্ততকৃত প্রাক্কলনে আলোচ্য কাজের মোট ব্যয়ভার দাড়িয়েছে ৪৮,৫০০/- (আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার চলতি ২০২৩-২৪ অর্থ বছরে অত্র বিভাগের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের বিপরীতে অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ক্রমিক নং-১৮ হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ১৮/১২/২৩ ৪:২৫ অপরাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে কাজটি জরুরী বিবেচনা করে জেনারেটর বিভাগের সেগুনবাগিচা অফিস কম্পাউন্ডের এম.আর.এস. যোগ্য মালামাল সমূহ পাগলা ভান্ডার বিভাগে প্রেরণ এবং অপ্রয়োজনীয় মালামাল ও ময়লা আবর্জনা সমূহ অপসারণ করে সিটি কর্পোরেশন এর ডাম্পিং গ্রাউন্ডে প্রেরণ করার জন্য উপস্থাপিত সর্বমোট ৪৮,৫০০/- (আটচল্লিশ হাজার পাঁচশত) টাকা মাত্র প্রাক্কলনটি পিপিআর-২০০৮ এর ৮-২ (১) ধারা মোতাবেক কাজটি বাস্তবায়নের সদয় অনুমোদন দেয়া যেতে পারে।

			
১৮/১২/২৩ ৪:৩৮ অপরাহ্ন সুজন নাথ উপ-সহকারী প্রকৌশলী জেনারেটর বিভাগ	১৮/১২/২৩ ৫:১১ অপরাহ্ন রুবিনা সুলতানা সহকারী প্রকৌশলী জেনারেটর বিভাগ	১৮/১২/২৩ ৫:১৭ অপরাহ্ন মোহাম্মদ মাহবুবুর রহমান নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব) জেনারেটর বিভাগ	১৯/১২/২৩ ৩:১১ অপরাহ্ন মোঃ আঃ লতিফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী আর পি ই এন্ড এম সার্কেল

১৯/১২/২৩ ৩:১১ অপরাহ্ন

মোঃ কামরুল হাসান

প্রধান প্রকৌশলী

প্রধান প্রকৌশলী (পরিচালন ও

রক্ষণাবেক্ষণ)


সংযুক্তিসমূহ (৫):

- ১। চলতি অর্থ বছরে জেনারেটর বিভাগের অনুমোদিত ক্রয়-পরিকল্পনার কপি।
- ২। জেনারেটর বিভাগের অফিস বিল্ডিং এর উত্তর পাশের ছবি।
- ৩। জেনারেটর বিভাগের অফিস বিল্ডিং এর পশ্চিম পাশের ছবি।
- ৪। সার্ভে রিপোর্ট।
- ৫। প্রাক্কলন।

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২০/১২/২৩ ৭:০৭ অপরাহ্ন

অনুমোদিত



২০/১২/২৩ ৭:০৮ অপরাহ্ন

মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

২০/১২/২৩ ৭:০৮ অপরাহ্ন


মোহাম্মদ মাহবুবুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
জেনারেটর বিভাগ

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ২২/১২/২৩ ৭:১০ অপরাহ্ন

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করুন।



২২/১২/২৩ ৭:১০ অপরাহ্ন

মোহাম্মদ মাহবুবুর রহমান
নির্বাহী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব)
জেনারেটর বিভাগ

২৪/১২/২৩ ৯:২৫ পূর্বাহ্ন

রুবিনা সুলতানা
সহকারী প্রকৌশলী
জেনারেটর বিভাগ

২৪/১২/২৩ ৯:২৫ পূর্বাহ্ন

সুজন নাথ
উপ-সহকারী প্রকৌশলী
জেনারেটর বিভাগ